মুজিবনগরে ঢেউটিন ও চেক বিতরণ

মুজিবনগরে প্রধানমন্ত্রীর ত্রান তহবিল থেকে ঢেউটিন ও চেক বিতরণ করা হয়েছে। আজ মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ ও উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের আয়োজনে, ঢেউটিন ও চেক বিতরণ উপলক্ষে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে হত দরিদ্র উপকারভোগীদের নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ।

এসময় আলোচনা সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা হতদরিদ্র মানুষের জন্য যে সমস্ত সাহায্য ও সহযোগিতা করা হচ্ছে সেসব বিষয়ে তুলে ধরা হয়।

আলোচনা সভার শেষে ৮৩ জন হতদরিদ্রদের মাঝে ৮৪ বান্ডিল ঢেউটিন এবং ২ লক্ষ ৫২ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

মেহেরপুরে ১৭০ বোতল ফেনসিডিল সহ দুই সহোদর আটক

মেহেরপুর সদর উপজেলার শালিকা গ্রামে অভিযান চালিয়ে ১৭০ বোতল ফেন্সিডিল সহ দুই সহোদরকে আটক করেছে পুলিশ।

গতকাল সোমবার দিবাগত রাত একটার দিকে মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ সাইফুল ইসলাম এর নেতৃত্বে পুলিশের একটি টিম দক্ষিন শালিকা গ্রামে এই অভিযান পরিচালনা করে। আটককৃতরা হলো সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের দক্ষিণ শালিকা গ্রামের মোঃ মনসুর আলীর ছেলে শুকুর আলী ও মকর আলী। আটকের সময় তাদের কাছ থেকে মাদক বিক্রির ২০ হাজার টাকা উদ্ধার করা হয়।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ সাইফুল ইসলাম বলেন, ‘ গোপন সংবাদের ভিত্তিতে দক্ষিণ শালিকা গ্রামের শ্যামলী পাড়ায় অভিযান চালিয়ে শুকুর আলী ও মকর আলীকে ১৭০ বোতল ফেন্সিডিল সহ আটক করা হয়েছে। তাদের কাছ থেকে উদ্ধার করা মাদকের বাজার মূল্য আনুমানিক ৩ লক্ষ ৪০ হাজার টাকা। সদর থানায় মাদক নিয়ন্ত্রণ আইনের তাদের নামে ১০ অক্টোবর একটি মামলা দায়ের করা হয়েছে, মামলা নম্বর
১৭। আসামিদেরকে আজ আদালতে সোপর্দ করা হবে। ‘

অতিরিক্ত পুলিশ সুপার মোঃ কামরুল আহসান বলেন, ‘মাদকের বিরুদ্ধে মেহেরপুর জেলা পুলিশ জিরো টলারেন্স রয়েছে। শুধু মাদক বিক্রেতা নয় এদের আশ্রয়দাতা সহ মূল ব্যবসায়ীদের তালিকা পুলিশের হাতে রয়েছে, উপযুক্ত তথ্য প্রমাণসহ খুব শীঘ্রই তাদের আটক করা হবে। ‘

মেহেরপুরে সাংবাদিকদের সাথে বিএনপি নেতা আবদুল্লাহর মতবিনিময়

জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর-২ আসনে বিএনপি’র মনোনয়ন প্রত্যাশী জেলা বিএনপির সহসভাপতি ও সাবেক ভিপি মোহাম্মদ আব্দুল্লাহ সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা করেছেন।

বিএনপি’র তত্ত্বাবধায়ক সরকারের দাবিতে চলমান এক দফা আন্দোলন বাস্তবায়ন ও আগামী দিনে গাংনীর সার্বিক উন্নয়ন বিষয়ে নিজের ভাবনা তুলে ধরেন তিনি।

মেহেরপুর লা-ভোগ রেস্টুরেন্টে গতকাল সোমবার দুপুরে আয়োজিত এই মতবিনিময় উপস্থিত ছিলেন গাংনী পৌর বিএনপির সভাপতি মুরাদ আলী, মেহেরপুর জেলা বিএনপির সহসভাপতি মোস্তাফিজুর রহমান খোকন ও সাবেক সহসভাপতি আব্দুস সালাম।

এসময় জেলায় কর্মরত বিভিন্ন প্রিন্ট ও ইলেট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ অংশগ্রহণ করেন।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের শান্তি ও উন্নয়ন সমাবেশ

গতকাল সোমবার বিকালে মেহেরপুর জেলা আওয়ামী লীগের উদ্যোগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র নেতৃত্বে দেশে উন্নয়ন-অগ্রযাত্রা অব্যাহত রাখতে এবং স্মার্ট বাংলাদেশ গড়তে শান্তি ও উন্নয়ন সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও জেলা পরিষদের সাবেক প্রশাসক অ্যাডভোকেট মিয়াজান আলীর সভাপতিত্বে মেহেরপুর শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানে অনুষ্ঠিত শান্তি সমাবেশে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাস, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান, জেলা আওয়ামী লীগের মানব উন্নয়ন বিষয়ক সম্পাদক এ এম এস ইমন, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা যুবলীগ যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, মেহেরপুর জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা লাভলী ইয়াসমিন প্রমুখ।

এর আগে আগে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে শুরু করে একটি বিশাল মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিন করে শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানে গিয়ে শেষ হয়। মিছিলে আওয়ামী লীগের সকল অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা যোগ দেয়।

শান্তি সমাবেশে ইয়ারুল ইসলাম বলেন, কাধে কাধ মিলিয়ে সকলকে ঔক্যবদ্ধ ভাবে সকল বিএনপি জামায়াতের ষড়যন্ত্র রুখে দিয়ে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে।

গোলাম রসুল বলেন, কয়দিন আগে আমাদের বলা হয়েছে আমরা নাকি নৌকায় ভোট দিইনি, আমাদের নাকি মেরুদণ্ড ভাঙা।

জিয়া উদ্দিন বিশ্বাস বলেন, গত ইউনিয়ন নির্বাচনে চারটি ইউনিয়নকেই

ষড়যন্ত্র করে হারিয়ে দেওয়া হয়েছে। সেই ষড়যন্ত্রকারীদের যদি আবার মনোনয়ন দেয়া হয় তাহলে ওই নৌকায় আমি চড়বো না। তাই আগামী নির্বাচনে আমি পরিবর্তন চাই। যদি নিবেদিত কাউকে মনোনয়ন দেওয়া হয় তাহলে আমার জীবন দিয়ে নৌকার বিজয় ছিনিয়ে আনবো।

মিয়াজান আলী বলেন, আমি যখন জেলা পরিষদে ভোট করি, শেথ হাসিনা নমিনেশন দেয় তখন যারা নিজেদের আওয়ামী লীগ বলে দাবী করেন ওই ফরহাদ হোসেন, খালেক, বাবলু বিশ্বাস, আমাম হোসেন মিলু জেলা পরিষদে আমার বিরুদ্ধে নির্বাচন করেছে।

মেহেরপুরে বাড়িওয়ালাকে অজ্ঞান করে স্বর্ণালংকার ও মোবাইল নিয়ে চম্পট আটক ২

মেহেরপুরের গোরস্থান পাড়া থেকে বাড়ির মালিক কে ঘুমের ওষুধ খাইয়ে স্বর্ণালংকার ও মোবাইল ফোন নিয়ে চম্পট দেয়া দুই আসামি রাজন আলী(২৫) ও তার স্ত্রী সালমা খাতুন (১৯)কে আটক করেছে মেহেরপুর সদর ফাঁড়ি পুলিশ। আটক রাজন আলী মেহেরপুরের গোরস্থান পাড়ার মোহাম্মদ শরীফের ছেলে এবং সালমা খাতুন রাজনের স্ত্রী।

গতকাল সোমবার রাত আটটার দিকে গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর সদর থানার আওতাধীন সদর ফাঁরি পুলিশের ইনচার্জ এসআই আশরাফের নেতৃত্বে একটি টিম তাদের আটক করে।

গত ২ অক্টোবর আটককৃত ২ আসামী মেহেরপুর পৌর এলাকার গোরস্থান পাড়ার লক্ষী খাতুন এর বাড়ি ভাড়া নেয়। অতঃপর ৫ অক্টোবর বাড়ির মালিক লক্ষ্মী খাতুনকে ঘুমের ওষুধ খাইয়ে অজ্ঞান করে স্বর্ণালঙ্কার ও মোবাইল ফোন নিয়ে পালিয়ে যায়।

আটক অভিযানের নেতৃত্ব দেয়া এসআই আশরাফ বলেন আসামি জাহিদের বাড়ি থেকে চুরি যাওয়া মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে এবং স্বর্ণালংকার উদ্ধারের চেষ্টা অব্যাহত রয়েছে।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ সাইফুল ইসলাম বলেন বলেন, ‘আটকৃত আসামিদের আজ মঙ্গলবার সকালে আদালতে সোপর্দ করা হবে।’

মুজিবনগরে বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

মুজিবনগরে বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার বিকেলে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স এ পর্যটন মটেল হল রুমে এই বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক নজরুল ইসলামের সঞ্চালনায় বর্ধিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ন সাধারন সম্পাদক এ্যাড: ইব্রাহিম শাহীন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বর্ধিত সভায় বাগোয়ান ইউনিয়ন পরিষদের সদস্য বাবুল মল্লিক,রকিবউদ্দীন,সিবাস্তিন মল্লিক, আফরোজা রোজ, মাবিয়া খাতুন এবং মরিয়ম খাতুন সহ ৯টি ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সাধারণ সম্পাদক এবং ইউনিয়ন এবং ওয়ার্ড আওয়ামীলীগের নেতা কর্মী ও সমর্থক বৃন্দ উপস্হিত ছিলেন।

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে মাঠ দিবস

মেহেরপুরের গাংনী পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)- সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায় উচ্চফলনশীল নতুন জাতের ফসল চাষ (থাই গেন্ডারী) প্রদর্শনীর আওতায় মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার দুপুরে কাজীপুর শাখার হাড়াভাঙ্গা গ্রামে সদস্যের (গেন্ডারী প্রদর্শনী) জমির পাশে ৭৫ জন কৃষক কৃষাণী নিয়ে একটি মাঠ দিবসের আয়োজন করা হয় । উক্ত মাঠ দিবসে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মোহা: ইমরান হোসেন ।

কাজিপুর শাখার শাখা ব্যবস্থাপক, স্থানিয় ইউপি সদস্য মো: মহিবুল ইসলাম, স্থানিয় স্কুল শিক্ষক মো: মুখলেছুর রহমান, ও সমন্বিত কৃষি ইউনিটের কর্মকর্তাবৃন্দ।

উক্ত অনুষ্ঠানে অতিথিগন উচ্চফলনশীল নতুন জাতের ফসল চাষ (থাই গেন্ডারী) চাষের পদ্ধতি, গুরুত্ব,বালাইদমন ব্যবস্থাপনা, আখজাত দ্রব্য উৎপাদন ও বিপনন নিয়ে গঠনমূলক আলোচনা করেন। এ সময় স্থানিয় চাষিগণ উচ্চমূল্যের ফসল চাষ (থাই গেন্ডারী) চাষে আগ্রহ প্রকাশ করেন

মেহেরপুর সীমান্ত থেকে ২৮ হাজার ইউএস ডলার উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা সীমান্ত এলাকা থেকে ২৮ হাজার ইউএস ডলার উদ্ধার করেছে বিজিবি।

আজ সোমবার সকাল ১১ টার দিকে বুড়িপোতা বিওপি কমান্ডার সুবেদার মো: তৌহিদুজ্জামানের নেতৃত্বে বিজিবির টহল দল এ অভিযান পরিচালনা করে।

চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের (৬ বিজিবি) অধিনায়ক লে: কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তি থেকে জানা গেছে, সীমান্ত দিয়ে ইউএস ডলাল ভারতে পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযানিক দলটি সীমান্ত পিলার ১১৬/৫-এস হতে ১৫০০ মিটার বাংলাদেশের অভ্যন্তরে গুচ্ছগ্রামের মোড়ের পাশে অবস্থান নেয়। এসময় একজন ব্যক্তিকে দাড়িয়ে থাকতে দেখলে বিজিবি টহল দলের সন্দেহ হয়। সন্দেভাজন ব্যক্তিকে জিজ্ঞাসাবাদের জন্য টহল দল তার নিকটে যেতেই সে হাতা থাকা একটি ব্যাগ ফেলে দৌড়ে পালিয়ে যায়। বিজিবির টহল দল ফেলে যাওয়া ব্যাগটি জব্দ করে। ওই ব্যাগটি তল্লাশী করে ব্যাগের ভিতর স্কচটেপ দ্বারা মোড়ানো দুটি বান্ডিলে ২৮হাজার ইউএস ডলার, ১টি পুরাতন লোহার বটি এবং ২টি পুরাতন কাচি উদ্ধার করা হয়।

এ ঘটনায় মেহেরপুর সদর থানায় মামলা দায়ের করে উদ্ধারকৃত ইউএস ডলারগুলি মেহেরপুর ট্রেজারী অফিসে জমা করা হয়েছে।

মেহেরপুরে মাদক ব্যবসায়ী যাবজ্জীবন কারাদণ্ড

মেহেরপুরে হেরোইন রাখার অভিযোগে তাজুল ইসলাম তাজু নামের এক মাদক ব্যবসায়ীকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও ছয় মাসের দন্ডাদেশ দিয়েছে আদালত।

সোমবার ৯ অক্টোবর দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মোঃ শহীদুল্লাহ এ রায় দেন। সাজাপ্রাপ্ত মাদক ব্যবসায়ী তাজুল ইসলাম মেহেরপুর পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের এমদাদ হোসেনের ছেলে।

মামলার অভিযোগ পত্র থেকে জানা গেছে, ২০১৯ সালের ২ সেপ্টেম্বর দুপুর মেহেরপুর জেলা গোয়েন্দা বিভাগের এস আই আব্দুল্লাহ আল মামুনের নেতৃত্বে ডিবি পুলিশের একটি দল তাজুল ইসলামের বাড়ির সামনে থেকে তাজুল ইসলামকে আটক করে। এ সময় তার কাছ থেকে ৮০ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। মামলায় ৮ জন সাক্ষী তাদের সাক্ষ্য প্রদান

করেন।

মামলার অপর আসামি আলফাজ হোসেনের বিরুদ্ধে আনিত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে বেকসুর খালাস দেওয়া হয়। মামলায় রাষ্ট্রপক্ষে পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য এবং আসামী পক্ষে অ্যাডভোকেট এহান উদ্দিন মনা কৌশলী ছিলেন।

মেহেরপুরে জাতীয় তামাকমুক্ত দিবস উপলক্ষে সংবাদ সম্মেলন

বাংলাদেশ তামাক বিরোধী জোট ও শানঘাট পল্লী উন্নয়ন সংস্থা এর আয়োজনে মেহেরপুরে জাতীয় তামাকমুক্ত দিবস পালিত হয়েছে।

সোমবার সকালে মেহেরপুর জেলা ক্লাবে”দেশব্যাপী তামাক নিয়ন্ত্রণ আইন লঙ্ঘন: তামাক কোম্পানি বেপরোয়া” শীর্ষক বিষয় নিয়ে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, শানঘাট পল্লী উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মহিবুল ইসলাম ওহিদ। সংবাদ সম্মেলনে তিনি তামাকের বিভিন্ন ক্ষতিকর বিষয় তুলে ধরেন। এছাড়া তিনি বিভিন্ন সুপারিশমালা বাস্তবায়নের দাবি তুলে ধরেন। সুপারিশগুলো হচ্ছে, দ্রুততম সময়ে তামাক নিয়ন্ত্রন আইন সংশোধনী চুড়ান্ত করা, তামাক কোম্পানির প্রভাব থেকে নীতি সুরক্ষায় এফসিটিসি এর অনুচ্ছেদ ৫.৩ অনুসারে ‘কোড অব কনডাক্ট গ্রহন’, জাতীয় তামাক নিয়ন্ত্রণ কর্মসুচি দ্রুত চুড়ান্ত এবং দেশব্যাপী যথাযথ কার্যক্রম গ্রহন করা, টাস্কফোর্স কমিটিসমুহ সক্রিয় করা, কমিটির ত্রৈমাসিক সভা নিয়মিতকরণ, সভার সিদ্ধান্তসমুহ যথাযথভাবে বাস্তবায়ন করা, আইন লঙ্ঘনের দায়ে তামাক কোম্পানি/ প্রতিনিধিকে আর্থিক জরিমানার পাশাপাশি জেল প্রদান, আইন লঙ্ঘনকারী তামাক কোম্পানিগুলোর বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ গ্রহন করা, তামাক নিয়ন্ত্রণ আইন মনিটরিং কার্যক্রমের সাথে বেসরকারী সংস্থাগুলোকে সম্পৃক্তকরা, মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষনা অনুসারে একটি শক্তিশালী তামাক কর নীতি প্রনয়ন ও বাস্তবায়ন করা।

সংবাদ সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, এসপিএইচআর এর নির্বাহী পরিচালক আবু আবিদ, পিজেইউএস এর নির্বাহী পরিচালক গোলাম কিবরিয়া, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, কালের কন্ঠের জেলা প্রতিনিধি ইয়াদুল মোমিন, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম, মহসিন আলী, শাহিন সিদ্দিকী, আক্তার হোসেন, মাসুদ রানা, পাভেল মাহমুদ, মাসুদ রানা, তোফায়েল হোসেন, রাফিউল ইসলাম রাফি, এস এ সাদিক।